**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 29.05.2026** ` **Desk in Charge : KL**
**Time: 1-30 PM** **Edit. & Compile:- Sankar M.**
**DEO: KB** **NRT : Sreejit M.**
**Announcement :-** আকাশবাণী -খবর পড়ছিঃ /

বিশেষ বিশেষ খবরঃ–

১) জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, সন্ত্রাসবাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, এই লড়াই-এ কোনো দুমুখো নীতি থাকতে পারে না।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, অনুপ্রবেশ রোধে পশ্চিমবঙ্গে বিজেপি সরকারের গৃহীত ব্যবস্থার প্রশংসা করে বলেছেন, অনুপ্রবেশকারীরা নিজে থেকেই চলে গেলে তাদের বিরুদ্ধে কোনো আইনী ব্যবস্থা নেওয়া হবে না।

৩) ভারতমুখী আরেকটি জাহাজ নেসাস কেরাস, তেল নিয়ে সাফল্যের সঙ্গে হরমুজ প্রণালী পেরিয়েছে। তেসরা জুন জাহাজটির বিশাখাপত্তনমে এসে পৌঁছনোর কথা।

৪) আবহাওয়া দপ্তর এবছর জুন থেকে সেপ্টেম্বর মাসে দেশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

৫) আফ্রিকায় ইবোলা ভাইরাসে ভয়বাহ সংক্রমণের প্রেক্ষিতে, বিশ্বকাপ ফুটবলের আয়োজনকারী তিন দেশ মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকো, দর্শক ও খেলোয়াড়দের সংক্রমণ ঠেকাতে ত্রিপাক্ষিক স্বাস্থ্য নির্দেশিকা জারি করেছে।

৬) IPL ক্রিকেটে দ্বিতীয় কোয়ালিফায়ারে আজ রাজস্থান রয়্যালস, গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে।

*************************************************************************

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, সন্ত্রাসবাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন। রাশিয়ায় আয়োজিত আন্তর্জাতিক নিরাপত্তা ফোরামে তিনি বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে কোনো দ্বিমুখী নীতি থাকতে পারে না। তিনি বলেন, দায়িত্বশীল দেশগুলির সন্ত্রাসবাদের বিষয়ে নিজেদের অবস্থানে দ্রুত সিদ্ধান্তে আসতে হবে।

( byte - doval )

মস্কোতে অবস্থিত ভারতীয় দূতাবাস সমাজমাধ্যমের এক বার্তায় জানিয়েছে, রাশিয়ার নিরাপত্তা পরিষদের সচিব সরগেই সৈবু-র সভাপতিত্বে এই বৈঠকে আন্তর্জাতিক নিরাপত্তার সমস্যা নিয়ে আলোচনা করা হয়।

*****************************

পশ্চিমবঙ্গে বিজেপি সরকার ক্ষমতায় আসার পরে অনুপ্রবেশ রোধে যেসকল ব্যবস্থা নিয়েছে, তার ভূয়সী প্রশংসা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গুজরাটের গান্ধীনগরে এক জনসভায় গতকাল তিনি বলেন, ক্ষমতায় আসার সাত দিনের মধ্যে সীমান্তে বেড়া দেওয়ার জন্য BSF-কে প্রয়োজনীয় জমি তুলে দেওয়ার কাজ করা হয়েছে।

শ্রী শাহ বলেন, অনুপ্রবেশকারীরা যদি নিজে থেকেই ভারত ছেড়ে যান, তাহলে তাদের বিরুদ্ধে কোনো আইনী ব্যবস্থা নেওয়া হবে না। আগামী দিনে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করার কাজ আরও গতি পাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

*****************************

অনুপ্রবেশ এবং অন্যান্য অস্বাভাবিক কারণে দেশের জনবিন্যাসে কৃত্রিম পরিবর্তন রুখতে নতুন আইন আনা হতে পারে বলে জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গতকাল গান্ধীনগরে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, সুপ্রিমকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি প্রকাশ প্রভাকর নাওলেকরের নেতৃত্বে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি দেশজুড়ে এই জনবিন্যাসের পরিবর্তনের কারণগুলি খতিয়ে দেখবেন।

*****************************

পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশ মেনে বাংলাদেশি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গা সন্দেহে ধৃত ব্যক্তিদের রাখার জন্য রাজ্যের **১১টি** স্থানে চালু করা হয়েছে বিশেষ 'হোল্ডিং সেন্টার'। রাজ্য পুলিশের বিভিন্ন ইউনিটের তত্ত্বাবধানে পরিচালিত এই কেন্দ্রগুলিতে বর্তমানে মোট ৩৮৬ জনকে রাখা হয়েছে। সরকারি নথি অনুযায়ী, উত্তর ২৪ পরগনার বসিরহাট পুলিশ জেলার অধীন তিনটি শিবিরে সবচেয়ে বেশি সংখ্যক আটক রয়েছেন।

কেন্দ্রীয় নির্দেশিকা অনুসারে বিদেশি নাগরিক বা পরিচয় নিয়ে সন্দেহ রয়েছে এমন ব্যক্তিদের চিহ্নিত করার পর তাঁদের নির্দিষ্ট হোল্ডিং সেন্টারে রাখা হচ্ছে। পরবর্তী পর্যায়ে নাগরিকত্ব ও পরিচয় যাচাইয়ের কাজ সম্পন্ন করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। হোল্ডিং সেন্টারগুলিতে থাকা ব্যক্তিদের খাদ্য, চিকিৎসা এবং মৌলিক পরিষেবার ব্যবস্থা রাখা হয়েছে। পরিচয় যাচাই এবং আইনি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

*****************************

ভারতমুখী ও বিশাখাপত্তনমগামী একটি তেলের ট্যাঙ্কার সাফল্যের সঙ্গে হরমুজ প্রণালী পেরিয়েছে। তেসরা জুন নাগাদ বিশাখাপত্তনমে সেটির এসে পৌঁছনোর কথা। নিসস কেরস নামে মার্শাল আইল্যান্ডের পতাকাবাহী ঐ তেলের ট্যাঙ্কারটি ২১ শে মে শারজা থেকে যাত্রা শুরু করে।

ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ডের নৌবাহিনী গত ২৪ ঘন্টায় ২৩ টি বাণিজ্যিক জলযানকে হরমুজ প্রণালী পার হতে দিয়েছে।

*****************************

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান ৬০ দিনের যুদ্ধ বিরতি বৃদ্ধির সমঝোতা স্মারক পত্র মৌ স্বাক্ষরে সহমত হয়েছে। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অনুমোদনের পরেই এই চুক্তি চূড়ান্ত করা হবে বলে সেদেশের আধিকারিকরা জানিয়েছেন।

এই মৌ স্বাক্ষর হলে আন্তর্জাতিক বাজারে জ্বালানী আমদানির ক্ষেত্রে যে অনিশ্চয়তা তৈরি হয়েছে, তা দ্রুত আপাতত ঠিক করা সম্ভব হবে। খসড়া সমঝোতা পত্রে বলা হয়েছে, হরমুজ প্রণালী দিয়ে যাতায়াত করা সমস্ত জাহাজ নির্বিঘ্নে ঐ পথ অতিক্রম করতে পারবে। আরও বলা হয়েছে, ইরানকে আগামী ৩০ দিনের মধ্যে সমস্ত সামুদ্রিক মাইন ঐ এলাকা থেকে সরিয়ে নিতে হবে।

*****************************

দীর্ঘ ৯ মাস পর আগামী ৩১ শে মে জম্মু থেকে স্বাভাবিক ট্রেন চলাচল আবার শুরু হবে। কাঠুয়া এবং মাধুপুর রেল শাখার ১৭ নম্বর সেতুর সংস্কার কাজ সম্পূর্ণ হওয়ার পরেই ট্রেন চলাচল শুরু হবে। গতবছর আচমকা বন্যায় ওই রেলসেতুর ক্ষতি হয়। আকাশবাণীর জম্মু সংবাদদাতা জানাচ্ছেন, বাতিল হয়ে যাওয়া ট্রেনগুলি ৩১ শে মে-এর পর থেকে আবার যাতায়াত শুরু করবে।

*****************************

Substrate প্রস্তুত প্রযুক্তি ভারতে নিয়ে আসার জন্য সমঝোতাপত্রে সই করায় কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ, ওড়িশা সরকার, ইনটেল ও 3DGS কে অভিনন্দন জানিয়েছেন। সমাজমাধ্যমের এক বার্তায় মন্ত্রী বলেন, এর ফলে দেশে সেমিকন্ডাকটর ইকোসিস্টেম আরো উন্নত হবে।

*****************************

কর্ণাটকের রাজ্যপাল থাওয়ারচাঁদ গেহলত আজ বেঙ্গালুরুতে মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়ার পদত্যাগপত্র গ্রহণ করেছেন। এরসঙ্গেই মন্ত্রিসভা ভেঙে দিয়েছেন তিনি। তবে, বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত সিদ্দারামাইয়াকে তাঁর দায়িত্ব পালন করার অনুরোধ জানানো হয়েছে এবং এই অন্তর্বর্তীকালীন সময়ে কোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত না নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, সিদ্দারামাইয়া গতকাল লোক ভবনে তাঁর পদত্যাগপত্র জমা দিয়েছিলেন।

*****************************

কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং এবং শিবরাজ সিং চৌহান আজ প্রাক্তন প্রধানমন্ত্রী, 'ভারতরত্ন' চৌধুরী চরণ সিংহের প্রয়াণবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে, রাজনাথ সিং বলেন, কৃষকদের স্বার্থে প্রাক্তন প্রধানমন্ত্রীর অবিচল অঙ্গীকার তাঁকে দেশবাসীর অন্তরে জননেতা হিসেবে প্রতিষ্ঠিত করেছিল।

অন্যদিকে, শিবরাজ সিং চৌহান বলেন, চৌধুরী চরণ সিংহ, তাঁর সমগ্র জীবন জাতির উন্নতি এবং কৃষকদের কল্যাণে উৎসর্গ করেছিলেন।

*****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।*

*****************************

আবহাওয়া দপ্তর এবছর জুন থেকে সেপ্টেম্বর মাসে দেশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টি হবে বলে পূর্বাভাস দিয়েছে। ২০২৬ এর বর্ষা মরসুমের দ্বিতীয় দীর্ঘমেয়াদি পূর্বাভাসে দপ্তরের মহা নির্দেশক ডক্টর মৃত্যুঞ্জয় মহাপাত্র বলেছেন, এই সময়ে দেশের উত্তর পূর্বাঞ্চলে স্বাভাবিক বৃষ্টি হলেও উত্তর পশ্চিম, মধ্য এবং দক্ষিণ অববাহিকায় জুন থেকে সেপ্টেম্বর মাসে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টি হবে।

( বাইট- মৃত্যুঞ্জয় )

*****************************

যোগ ব্যায়ামের প্রসারে আগামী ২১ শে জুন আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানটি এবার হবে কলকাতায়। দিনটি পালনের মূল ভাবনা, yoga for healthy aging. মধ্য কলকাতার রেড রোড বা সংলগ্ন এলাকায় এই অনুষ্ঠান এর আয়োজন করার জন্য ইতিমধ্যেই সেনাবাহিনীর ছাড়পত্র পাওয়া গিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেখানে উপস্থিত থাকতে পারেন। অংশ নেবেন যোগ বিশারদরাও। উল্লেখ্য অনুষ্ঠানের আয়োজনের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সম্প্রতি বিশিষ্ট যোগ ব্যায়াম বিশারদদের নিয়ে নবান্নে একটি বৈঠক করেন।

*****************************

সদ্য প্রয়াত পরিচালক অনীক দত্তের শেষকৃত্য কেওড়াতলা মহাশ্মশানে সম্পন্ন হচ্ছে। এর আগে, পিস ওয়ার্ল্ড থেকে তাঁর মরদেহ প্রথমে নন্দনে নিয়ে আসা হয়। সেখানে বহু বিশিষ্ট মানুষ ফুল মালা দিয়ে শেষ শ্রদ্ধা জানান। উপস্থিত ছিলেন রুদ্রনীল ঘোষ, পাপিয়া অধিকারী, লকেট চট্টোপাধ্যায়, অঞ্জন দত্ত সহ বহু বিশিষ্ট মানুষ। তার অনুরাগী সাধারণ মানুষও সেখানে শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন। এরপরই তিনি যেখানে সব থেকে বেশি কাজ করেছেন টালিগঞ্জের সেই NT ওয়ান স্টুডিওতে তার মরদেহ নিয়ে আসা হয়েছে সেখানে সিনেমা শিল্পের সঙ্গে জড়িত অভিনেতা অভিনেত্রী পরিচালক প্রযোজক কলাকুশলীরা তাকে শেষ শ্রদ্ধা জানাচ্ছেন।

*****************************

আফ্রিকার বেশ কিছু অংশে ইবোলা ভাইরাস ছড়িয়ে পড়ায়, ওইসব অঞ্চল থেকে আগত যাত্রীদের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা ত্রিপাক্ষিক স্বাস্থ্য বিবৃতি জারি করেছে। আগামী ফিফা বিশ্বকাপে দর্শক, ক্রীড়াবিদ ও পর্যটকদের কথা মাথায় রেখেই ৩ দেশের এই সমন্বিত প্রয়াস বলে মনে করা হচ্ছে। এর আগে, মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিও বলেন, রাষ্ট্রপতি ট্রাম্পের প্রশাসন ইবোলা ভাইরাস আটকাতে সবরকম চেষ্টা

চালিয়ে যাচ্ছে। ইবোলা ভাইরাসের সংক্রমণ থেকে মার্কিন নাগরিকদের রক্ষা করাই প্রশাসনের সর্বোচ্চ অগ্রাধিকার বলে রুবিও জানান।

*****************************

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মহানির্দেশক তেদ্রেস আধানম গেব্রেয়াসুস বলেছেন, কঙ্গোতে ইবোলার প্রাদুর্ভাব ভয়াবহ আকার ধারণ করেছে। সেদেশের চলতি সংঘাত, নিরাপত্তাহীনতা, খাদ্য সংকট সহ অন্যান্য বিভিন্ন কারণে ইবোলা নিয়ন্ত্রণে রাখা কঠিন হয়ে উঠেছে। কঙ্গোর রাজধানী কিনশাসার বিমানবন্দরে সাংবাদিকদের গেব্রেয়াসুস বলেন, ইবোলার শিকার হওয়া জনগণের পাশে থাকার বার্তায় দিতেই তিনি সে দেশে পৌঁছেছেন।

*****************************

আইপিএল ক্রিকেটে, ‘কোয়ালিফায়ার ২’ ম্যাচে আজ গুজরাট টাইটান্স রাজস্থান রয়্যালস এর মুখোমুখি হবে । নিউ চণ্ডীগড়ের মহারাজা যাদবেন্দ্র সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে ম্যাচটি শুরু হবে সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে।

উল্লেখ্য, এই ম্যাচের বিজয়ী দল আগামী রবিবার আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে আইপিএল ২০২৬-এর ফাইনালে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে।

*********************************************************************